

**TDC Odd Semester Exam., 2020
held in July, 2021**

BENGALI

(Pass)

(3rd Semester)

Course No. : BNGP-301

(মধ্যযুগের বাংলা কাব্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। চৈতন্যদেব কোন্ শতকে আবির্ভূত হয়েছিলেন? অভিসার কাকে বলে? ‘অভিসার’-এর শ্রেষ্ঠ পদকর্তা কে? ‘অভিসার’ পর্যায়ের পদ আলোচনা করে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব নিরূপণ করো।
- ১+২+১+১০=১৪

অথবা

- ২। চৈতন্য-পূর্ববর্তী দুজন বৈষ্ণব কবির নাম লেখো। মাথুরের সংজ্ঞা লেখো। ‘মাথুর’ পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্বের পরিচয় দাও।
- ২+২+১০=১৪

- ৩। অন্নদা হরিহোড়ের গৃহ ত্যাগ করে কোথায় যাচ্ছিলেন? পথে তাঁকে কোন্ নদী অতিক্রম করতে হয়েছিল? যে পাটনী তাঁকে পার করে দিয়েছিল তার নাম কী? ‘অন্নদার ভবানন্দ ভবনে যাত্রা’—এই অংশের বিস্তৃত বিবরণ সরল গদ্যে লিপিবদ্ধ করো।
- ১+১+১+১১=১৪

অথবা

- ৪। ‘অন্নদামঙ্গল’ কাব্যটি কবি কার আদেশে রচনা করেছেন? কাব্যের প্রথম খণ্ডটির নাম কী? ‘বিদ্যাসুন্দর’ কোন্ খণ্ডে বর্ণিত? কাব্যটিকে ‘নতুনমঙ্গল’ নাম দেওয়ার কারণ যুক্তিসহ লেখো।
- ১+১+১+১১=১৪

- ৫। ‘আগমনী’ ও ‘বিজয়া’র সংজ্ঞা লেখো। শাক্তপদাবলীর আগমনী-বিজয়া গানে বিধৃত তৎকালীন সমাজজীবনের পরিচয় দাও।
- (২+২)+১০=১৪

অথবা

- ৬। ‘শাক্তপদাবলী’র জনক কোন্ কবিকে বলা হয়? কোন্ শতকে শাক্তগান রচিত হয়? প্রসাদী সংগীত কাকে বলে? শাক্ত-পদকর্তা হিসেবে রামপ্রসাদ সেনের কবি প্রতিভার পরিচয় দাও।
- ১+১+২+১০=১৪

- ৭। টীকা লেখো (যে কোনো দুটি) :
- ৪×২=৮

- (ক) বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাস
(খ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে ‘ভাবোন্মাস’
(গ) ‘অন্নদামঙ্গল’কাব্যে ‘শিবের বিবাহযাত্রা’
(ঘ) সাধক-কবি কমলাকান্ত
(ঙ) মেনকার কন্যা-বাৎসল্য

★★★